তারিখ 1/9/78
পৃষ্ঠা ... কলাম ...

ইত্তেফাক



# বাংলাদেশ কৃষি ইনসটিটিউট

শের-ই-বাংলা নগর, ঢাকা-৭

# ছাত্র/ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি

অত্র ইনস্টিটিউটে ১৯৭৮-৭৯ সেসনের ১ম বর্ষ বি, এস সি, এজি (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য নির্ধারিত আবেদন পত্রে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ৩০শে সেপ্টেম্বর (৩০-৯-৭৮ইং)

এস, এস, সি, এবং এইচ, এস, সি, (বিজ্ঞান/ কৃষি/ ইন্ডাষ্ট্রিয়াল আর্টস) উভয় পরীক্ষায় কম পক্ষে ২য় বিভাগে উত্তীর্ণ প্রার্থীদের দরখাস্ত গ্রহণ করা হইবে।

যাহারা ১৯৭৬ সনের পূর্বে এইচ, এস, সি, পরীক্ষা পাশ করিয়াছে তাহাদের দরখাস্ত করার প্রয়োজন নাই।

ভর্তির জন্য নির্ধারিত আবেদন পত্র (ADMISSION FORM) প্রয়োজনীয় দলিল পত্রাদির সত্যায়িত অনুলিপি সহ যেমন, সংশ্লিষ্ট পরীক্ষাদির সার্টিফিকেট, (পাইয়া থাকিলে) মার্কশীট, চরিত্রগত-অভিজ্ঞা পত্র, দুই খানা পাসপোর্ট আকারের সাম্প্রতিক আলোকচিত্র, আবেদন পত্রের সাথে দিতে হইবে।

অত্র ইনস্টিটিউটের অধ্যক্ষ মহোদয়ের অফিসে ভর্তির আবেদন পত্র ১০.০০ টাকা ব্যক্তিগত ভাবে জমা দিয়া অথবা উক্ত টাকার ব্যাঙ্ক ড্রাফট সহ স্বাক্ষরে নিজ ঠিকানা লিখিত ১.৭৫ টাকার ডাক টিকেট লাগাইয়া বড় আকারের ইনভেলাপ অধ্যক্ষ সমীপে প্রেরণ করিয়া ভর্তির জন্য নির্ধারিত আবেদন পত্র ও প্রসপেকটাস পাওয়া যাইবে।

ভর্তির জন্য নির্ধারিত আবেদন পত্র এবং ভর্তি সংক্রান্ত তথ্যাবলী অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর অফিস হইতে সংগ্রহ করা যাইবে।

লিখিত পরীক্ষার তারিখ ও সময় পরে ঘোষণা করা হইবে। লিখিত পরীক্ষা সাধারণ জ্ঞান এবং পদার্থ বিদ্যা, রসায়ন, গনিতশাস্ত্র/ জীববিজ্ঞান/কৃষি বিষয়ে গ্রহণ করা হইবে।

নির্বাচিত ছাত্র-ছাত্রীদের প্রত্যেককে বৃত্তি দেওয়া হবে।

আলাউদ্দিন আহামেদ
অধ্যক্ষ,
বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট ঢাকা-৭